



খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা।
প্রকৌশল বিভাগ
(পূর্ত শাখা)



শেখ হাসিনার মূলনীতি
শ্রম শহরের উন্নতি।

email-khagrachharipoura@gmail.com.

স্মারক নং: খা:পৌ:প্রকৌ:২০২৩/৪৭

তারিখ: ০২/০৩/২০২৩ খ্রি:

জরুরী গণ বিজ্ঞপ্তি

এই মর্মে পৌর এলাকার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে শুষ্ক মৌসুম চলমান রয়েছে। এই শুষ্ক মৌসুমে প্রতি বছর অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে থাকে। এই অগ্নিকাণ্ডজনিত দুর্ঘটনা রোধে নিম্নোল্লিখিত বিষয়গুলো অত্যন্ত গুরুত্বের সাথে অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

- ক) নিয়মিতভাবে বাসাবাড়ী, হোটেল, আবাসিক বোডিং, বাণিজ্যিক ইमारত, শিক্ষা প্রতিষ্ঠানে এবং ব্যবসা প্রতিষ্ঠানে বৈদ্যুতিক সংযোগ পরীক্ষা করতে হবে।
- খ) এলাকার বৈদ্যুতিক সংযোগের পরিদর্শন বিদ্যুৎ বিতরণ বিভাগ কর্তৃক নিয়মতান্ত্রিকভাবে হচ্ছে কি-না তার বিষয়ে খোঁজ-খবর রাখতে হবে।
- গ) বসভাড়ী এবং হোটেল এ গ্যাস সিলিভার ব্যবহার এর নিয়ম সঠিকভাবে মেনে চলতে হবে।
- ঘ) প্রতিবার ব্যবহার শেষে সিলিভার এর চাবি বন্ধ করতে হবে।
- ঙ) গ্যাস সিলিভার চালু করার আগে ঘরের বা হোটেল এর দরজা, জানালা খুলে দিতে হবে।
- চ) দাহ্য পদার্থ যেমন: রাসায়নিক দ্রব্য, সিনথেটিক জাতীয় দ্রব্য এবং পারটেক্স এর আসবাবপত্র রান্না ঘর হতে দূরে রাখতে হবে।
- ছ) প্রত্যেক বাসাবাড়ী, হোটেল, আবাসিক বোডিং, বাণিজ্যিক ইमारত, শিক্ষা প্রতিষ্ঠানে এবং ব্যবসা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে অগ্নি-নির্বাপন যন্ত্র রাখতে হবে।
- জ) ফায়ার সার্ভিস এবং সিভিল ডিফেন্স এর পরামর্শ মেনে চলতে হবে।
- ঝ) জলস্ত সিগারেট, জলস্ত ম্যাচের কাঠি, যেখানে-সেখানে ছুড়ে ফেলা যাবে না।
- ঞ) প্রত্যেক বাণিজ্যিক ইमारতে এবং শিক্ষা প্রতিষ্ঠানে জরুরী নির্গমন পথ অবশ্যই রাখতে হবে।
- ট) ফায়ার ডিটেক্টর বা অ্যালার্ম প্রত্যেক বাসাবাড়ী, হোটেল, আবাসিক বোডিং, বাণিজ্যিক ইमारত, শিক্ষা প্রতিষ্ঠানে এবং ব্যবসা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে রাখতে হবে।

অনুরোধক্রমে

(নির্মলেন্দু চৌধুরী)

মেয়র

খাগড়াছড়ি পৌরসভা।
২১/৩/২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ০১। নির্বাহী প্রকৌশলী, খাগড়াছড়ি পৌরসভা।
- ০২। সহকারি পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খাগড়াছড়ি পার্বত্য জেলা। উপরোক্ত বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল।
- ০৩। হিসাব রক্ষণ কর্মকর্তা (ভা:), খাগড়াছড়ি পৌরসভা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ০৪। সম্পাদক, দৈনিক অরণ্যবার্তা-খাগড়াছড়ি। আগামী ০৭/০৩/২০২৩ খ্রি: তারিখের মধ্যে ০১ (এক) দিন আপনার পত্রিকায় একবার প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।
- ০৫। জনাব মো: জাহেদুল ইসলাম, অফিস সহায়ক, অত্রাফিস। তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি পৌরসভার ০৯ (নয়)টি ওয়ার্ডে আগামী ০৫/০৩/২০২৩খ্রি: তারিখ হতে ০৭/০৩/২০২৩ খ্রি. ০৩ (তিন) দিন মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।
- ০৬। অফিস নথি।



খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা।
প্রকৌশল বিভাগ
(পূর্ত শাখা)



শেখ হাসিনার মূলনীতি
প্রাণ শহরের উন্নতি।

email-khagracharipoura@gmail.com.

স্মারক নং: খা:পৌ:/প্রকৌ:/২০২৩/৪৮

তারিখ: ০২/০৩/২০২৩খ্রি:

জরুরী গণ বিজ্ঞপ্তি

এতদ্বারা পৌর এলাকার অবস্থিত সরকারী, আধাসরকারী, বেসরকারী, সায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি এলাকার ০৯ (নয়)টি ওয়ার্ডের বিভিন্ন স্থানে অনুমোদনবিহীন ইমারত, সীমানা দেওয়ালসহ বিভিন্ন প্রকার স্থাপনা ঝুঁকিপূর্ণভাবে নির্মিত হচ্ছে, যাহা স্থানীয় সরকার(পৌরসভা) আইন ২০০৯ অনুযায়ী দণ্ডনীয় অপরাধ। অনুমতিবিহীন বিভিন্ন প্রকার ঝুঁকিপূর্ণ স্থাপনা নির্মাণের ফলে যে কোন সময় দুর্ঘটনা হয়ে জানমালের ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে।

এমতাবস্থায় ইমারত সীমানা দেওয়ালসহ যে কোন প্রকার স্থাপনা নির্মাণ করার পূর্বে পৌরসভার অনুমতি গ্রহণ করার জন্য এবং যে কোন ইমারত/স্থাপনা ঝুঁকিপূর্ণ প্রতীয়মান হলে তা দ্রুত পৌরসভাকে অবহিত করার জন্য সর্বসাধারণকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খাগড়াছড়ি এর সাথে যোগাযোগ করে প্রতিটি ভবনের চারপাশে দরজা-জানালাসহ শতভাগ ফায়ার এক্সিট এবং হাসপাতাল ও স্কুলে অবশ্যই বারান্দা রেখে অগ্নিনির্বাপন ব্যবস্থা জোরদার করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। বর্তমানে তুরস্ক ও সিরিয়াসহ পৃথিবীর বিভিন্ন দেশে প্রায় সময়ই বিভিন্ন মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। তাতে করে অনেক জান-মালের ক্ষয়-ক্ষতি হয়েছে। সকল স্থাপনা বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুসরণ পূর্বক সুপারভিশন ইঞ্জিনিয়ার দ্বারা নির্মাণ কাজ নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। অন্যথায় সকল প্রকার দায়-দায়িত্ব ইমারত মালিককে বহন করতে হবে।

পৌরসভার নব্বাকার,সার্ভেয়ার এবং কার্য-সহকারী সমন্বয়ে একটি পরিদর্শন দল পৌরসভার নয়টি ওয়ার্ডে অনুমোদনবিহীন ইমারত, সীমানা দেওয়ালসহ বিভিন্ন প্রকার স্থাপনা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন। পরিদর্শন টিমকে তথ্য দিয়ে সার্বিক সহযোগিতা করার জন্য জনসাধারণকে অনুরোধ করা যাচ্ছে।

অনুরোধক্রমে

(নির্মলেন্দু চৌধুরী)

মেয়র

খাগড়াছড়ি পৌরসভা।
২/৩/২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ০১। নির্বাহী প্রকৌশলী, খাগড়াছড়ি পৌরসভা।
- ০২। সহকারি পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খাগড়াছড়ি পার্বত্য জেলা। উপরোক্ত বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল।
- ০৩। হিসাব রক্ষণ কর্মকর্তা (ভা:), খাগড়াছড়ি পৌরসভা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ০৪। সম্পাদক, দৈনিক অরণ্যবর্তা-খাগড়াছড়ি। আগামী ০৭/০৩/২০২৩ খ্রি: তারিখের মধ্যে ০১ (এক) দিন আপনার পত্রিকায় একবার প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।
- ০৫। জনাব মো: জাহেদুল ইসলাম, অফিস সহায়ক, অত্রাফিস। তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি পৌরসভার ০৯ (নয়)টি ওয়ার্ডে আগামী ০৫/০৩/২০২৩খ্রি: তারিখ হতে ০৭/০৩/২০২৩ খ্রি. ০৩ (তিন) দিন মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।
- ০৬। অফিস নথি।